TRANSPARENCY INTERNATIONAL BANGLADESH
Social movement against corruption

সংবাদ বিজ্ঞপ্তি

# গণতন্ত্র এবং স্থিতিশীল পরিবেশের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা সম্ভব

টিআইবি'র উদ্যোগে আয়োজিত গোল টেবিল আলোচনায় বেগম মতিয়া চৌধুরী

**ঢাকা, রবিবার, ৭ মার্চ ২০১০:** কৃষি মন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, গণতন্ত্র এবং স্থিতিশীল পরিবেশের মাধ্যমে দেশে সুশাসন প্রতিষ্ঠা সম্ভব। এজন্য প্রয়োজন সকলের সম্মিলিত প্রচেষ্টা। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ'র উদ্যোগে আজ সকালে রাজধানীর ব্র্যাক সেন্টার ইন অডিটোরিয়ামে 'সুশাসন প্রতিষ্ঠায় নারী সংসদ সদস্যদের ভূমিকা' শীর্ষক এক গোলটেবিল আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নবম জাতীয় সংসদের মাননীয় হুইপ সাগুফতা ইয়াসমীন এমিলি। এতে সভাপতিত্ব করেন টিআইবি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এম. হাফিজউদ্দিন খান এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন টিআইব'র নির্বাহী পরিচালক।

বেগম মতিয়া চৌধুরী বলেন, নারী বা পুরুষ নয় বরং সৎ মানুষ প্রয়োজন সুশাসন প্রতিষ্ঠার জন্য। একথা সত্যি ঘর থেকে শুরু করে রাজনীতি পর্যন্ত নারীর কাজের কোন স্বীকৃতি নেই। নারীর উন্নয়নে আমাদের মানসিকতার পরিবর্তন প্রয়োজন। নারীর যে ক্ষমতা আছে তার পূর্ণ সদ্ব্যবহার করতে হবে। তিনি আরো বলেন, ইসলামের নামে যে জঙ্গিবাদ চালানো হচ্ছে তা কোনভাবেই কাম্য নয়। আমরা বিভিন্ন ধর্মের মানুষ হলেও জঙ্গীবাদ বা ধর্মান্ধতাকে কোনভাবেই প্রশ্রয় দিতে পারিনা।

সাগুফতা ইয়াসমীন এমিলি বলেন, নারীর ক্ষমতায়ন নির্ভর করে জাতি কতটুকু শিক্ষিত তার উপর। সেকারণে নারীর উন্নয়নে প্রয়োজন শিক্ষার প্রসার ঘটানো। এছাড়া এদেশে নারীর অগ্রযাত্রা বাঁধাগ্রস্ত হচ্ছে ধর্মীয় মৌলবাদের উত্থানের কারণে। সেখান থেকে আমাদের বেরিয়ে আসতে হবে।

অনুষ্ঠানে 'সুশাসন প্রতিষ্ঠায় নারী সংসদ সদস্যদের ভূমিকা' শীর্ষক প্রতিবেদন উপস্থাপন করেন টিআইবি'র এ্যাসিস্ট্যান্ট ফেলো ফাতেমা আফরোজ। সুশাসন প্রতিষ্ঠায় নারী সদস্যদের ভূমিকাকে সুদৃঢ় করতে টিআইবি বেশকিছু সুপারিশ উত্থাপন করে। উল্লেখযোগ্যগুলো হলো: সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণ বৃদ্ধির আইনগত ভিত্তিকে আরো শক্তিশালী করতে-সংরক্ষিত আসনের নারী সংসদ সদস্যদের নির্বাচনী এলাকা সুনির্দিষ্ট করা এবং এলাকায় তাদের জনসংযোগ ও সম্পৃক্ততা বাড়ানো, সংরক্ষিত আসনে সরাসরি নির্বাচনের ব্যবস্থা করা, সংরক্ষিত আসন ১৫% হতে ৩৩% এ উন্নীত করা, সাধারণ নির্বাচনে নারী প্রার্থীর সংখ্যা বৃদ্ধির উদ্দেশ্যে এবং 'গণপ্রতিনিধিত্ব অধ্যাদেশ (সংশোধন) আইন ২০০৯' অনুযায়ী রাজনৈতিক দলগুলোতে নারী প্রার্থী মনোনয়ন বৃদ্ধি করা, রাজনীতিতে নারীদের প্রতিনিধিত্ব বাড়াতে কালো টাকার প্রভাব দূর করা, নারী উন্নয়ন ও সমতা আনয়নে এবং তাদের ওপর সহিংসতা বন্ধ করার জন্য নারী সংসদ সদস্যদের সমন্বয়ে বিষয়ভিত্তিক কমিটি বা ককাস (caucus) গঠন করা, জনস্বার্থ ও জনমত প্রতিফলিত করার লক্ষ্যে এবং নারীর স্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলো জাতীয় সংসদে উত্থাপন করার লক্ষ্যে নারী সদস্যদের অংশগ্রহণ বাড়ানো, প্রযোজ্য ক্ষেত্রে নারী সদস্যদের সংসদীয় কার্যক্রমের ওপর প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা, সংসদে নিয়মিত উপস্থিত থেকে জনস্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে গঠনমূলক আলোচনা ও সমালোচনায় নারী সদস্যদের সক্রিয়ভাবে অংশগ্রহণ করা এবং এ বিষয়ে স্পিকারের ভূমিকা রাখা ইত্যাদি।

অনুষ্ঠানে আলোচনায় অংশ নেন তহুরা আলী এমপি, আশরাফুননেসা মোশারফ এমপি, জাহানারা বেগম এমপি, এমপি পাপিয়া, রাশেদা বেগম এমপি, ফরিদা রহমান এমপি, আলহাজ্ব মমতাজ বেগম এমপি, নিলুফার চৌধুরী মনি এমপি, আসমা জেরিন ঝুমু এমপি, শাহিদা তারেক দীপ্তি এমপি, শাম্মী আকতার এমপি, নুর আফরোজা আলী এমপিসহ উন্নয়ন সংগঠন এবং সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ। এছাড়া আলোচনা অনুষ্ঠানে মিডিয়সহ বিভিন্ন শ্রেণীপেশার প্রতিনিধি উপস্থিত ছিলেন।

উল্লেখ্য আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে টিআইবি এ অনুষ্ঠানের আয়োজন করে। এছাড়া দেশের বিভিন্ন এলাকায় কর্মরত টিআইবি'র ৩৬টি সনাক ও ইয়েস এ দিবসটি উদযাপন উপলক্ষে নানা কর্মসূচি গ্রহণ করেছে।

**গণমাধ্যম যোগাযোগ**
**এস. এম. রিজওয়ান - উল - আলম**
পরিচালক - আউটরিচ এন্ড কমিউনিকেশন
মোবাইল: ০১৭১৩ ০৬৫০১২
rezwan@ti-bangladesh.org